দৈনিক
জনকণ্ঠ

তারিখ 23 AUG 2016
পৃষ্ঠা 20 কলাম 6

# স্কুলে সহ-পাঠক্রম কার্যক্রমের ওপর রাষ্ট্রপতির গুরুত্বারোপ

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বর্তমান প্রতিযোগিতামূলক যুগের সঙ্গে তাল মিলিয়ে শিক্ষার্থীরা যাতে ভালভাবে টিকে থাকতে পারে সে লক্ষ্যে স্কুলগুলোতে পড়ালেখার পাশাপাশি সহ-পাঠক্রম সংক্রান্ত কার্যক্রমের ওপর গুরুত্ব আরোপের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। সোমবার বিকেলে বঙ্গভবনে ১০

(১৯ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)

## স্কুলে সহ-পাঠক্রম

(২০-এর পৃষ্ঠার পর)

সদস্যবিশিষ্ট সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের একটি প্রতিনিধিদল রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাতকালে তিনি এই আহ্বান জানান। খবর বাসসর।

বৈঠককালে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ শিক্ষকদের বলেন, সহ-পাঠক্রম সংক্রান্ত কার্যক্রমের ওপর গুরুত্ব দেয়া প্রয়োজন এবং বিশ্বের অন্যান্য দেশের শিক্ষার্থীদের মতো চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের শিক্ষার্থীরা যেন এগিয়ে যেতে পারে সে লক্ষ্যে তাদের সহ-পাঠক্রম সংক্রান্ত কার্যক্রমের সঙ্গে যুক্ত করা প্রয়োজন।

রাষ্ট্রপতি, মুক্তিযুদ্ধের চেতনা এবং নিজেদের দেশের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে শিক্ষার্থীরা যাতে ভালভাবে জানতে পারে সে বিষয়ে বিশেষ মনোযোগী হওয়ার জন্য শিক্ষকদের পরামর্শ দেন। প্রতিনিধি দলে থাকা শিক্ষকগণ শিক্ষা ও অন্যান্য কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। এ সময় রাষ্ট্রপতির সংশ্লিষ্ট সচিবগণ উপস্থিত ছিলেন।